

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিৎ বিভিন্ন অপরাধে ৩২টি প্রতিষ্ঠানকে ২,১৬ লক্ষ টাকা জরিমানা

২২ জুন ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে গোপালগঞ্জ, সিলেট, পঞ্চগড়, লালমনিরহাট, রংপুর, দিনাজপুর, সিলেট, মাগুরা, চট্টগ্রাম, কুড়িগ্রাম ও বাঙ্গলবাড়িয়ায় আজ বাজার তদারকিৎ করা হয়।

গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহর নেতৃত্বে কোত্তালী ও শাহপুরান উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৩৭,০০০/- (সাইত্রিশ হাজার) টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হেলাল উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, লালমনিরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে লালমনিরহাট সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/- (তিনি হাজার পাঁচশত) টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২,২০০/- (দুই হাজার দুইশত) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে গোপালগঞ্জ উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মহম্মদপুর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে বন্দর থানা উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্ দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগর সদরঘাট উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে ইপিজেড থানা উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রাম সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, বাঙ্গলবাড়িয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে বাঙ্গলবাড়িয়া সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬০,০০০/- (ষাট হাজার) টাকাসহ মোট ২,১২,৭০০/- (দুই লক্ষ বার হাজার সাতশত) টাকা পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, তাৰেখ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চিকেন হাট (Friends cafe) কে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৩৭৫/- (তিনিশত পাঁচাত্তর) টাকা প্রদান করা হয়।

আজকের ১১টি বাজার তদারকির ও ১টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৩২টি প্রতিষ্ঠানকে মোট ২,১৬,২০০/- (দুই লক্ষ ষোল হাজার দুইশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ১ জন অভিযোগকারীকে মং ৩৭৫/- (তিনিশত পাঁচাত্তর) টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ন ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(রিনা বেগম)

সহকারী পরিচালক (কার্যক্রম)

ফোনঃ ০২-৮১৮৯৮১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

### **অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল ও সিলেট মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, গোপালগঞ্জ, সিলেট, পঞ্চগড়, লালমনিরহাট, রংপুর, দিনাজপুর, সিলেট, মাগুরা, চট্টগ্রাম, কুড়িগ্রাম ও ব্রাহ্মণবাড়িয়া।
- ৭। পুলিশ সুপার, গোপালগঞ্জ, সিলেট, পঞ্চগড়, লালমনিরহাট, রংপুর, দিনাজপুর, সিলেট, মাগুরা, চট্টগ্রাম, কুড়িগ্রাম ও ব্রাহ্মণবাড়িয়া।
- ৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।